৪০

দৈনিক ইনকিলাব

তারিখ 06 NOV 1994
পৃষ্ঠা ৩ কলাম ৬

# ঢাঃবিঃ সিন্ডিকেট কর্তৃক ২ ছাত্রের ভর্তি বাতিল

প্রেস বিজ্ঞপ্তি ঃ বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এ. কে. আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ১৯৯৩-৯৪ শিক্ষা বর্ষের ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র মোঃ ইকবাল হোসেন (রোল নং ফর-১৪৭৩), পিতা- মোঃ ইসমাইল হোসেন বাগমার এবং মোঃ আনিসুর রহমান (রোল নং ফর-১৪৭৫), পিতা- মোঃ ওসমান গনি-এর ভর্তি বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিন্ডিকেট সদস্য ও প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক মোঃ শাহাদত আলীকে আহবায়ক করে গঠিত তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী তাদের ভর্তি বাতিল করা হয়।

উল্লেখিত ছাত্রদ্বয়ের ভর্তিসংক্রান্ত সকল কাগজপত্র ভুয়া প্রমাণিত হওয়ায় "কেন তাদের ভর্তি বাতিল করা হবে না' এ মর্মে তাদেরকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছিল। কিন্তু তাদের দেয়া 'কারণ দর্শাও' নোটিশের জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাদের ভর্তি বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়। সিন্ডিকেট সভায় একই রিপোর্টের ভিত্তিতে ১৯৯৩-৯৪ শিক্ষা বর্ষে বিভিন্ন বিভাগে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তিকৃত আরও ১৬ জন ছাত্র-ছাত্রীর ভর্তি সংক্রান্ত কাগজপত্র ভুয়া বলে প্রতীয়মান হওয়ায় 'কেন তাদের ভর্তি বাতিল করা হবে না'- সে মর্মে তাদেরকে কারণ দর্শানোর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। নোটিশ প্রাপ্তির সাত দিনের মধ্যে কোন জবাব পাওয়া না গেলে অথবা জবাব সন্তোষজনক বিবেচিত না হলে তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।